

"প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়স্বতন্ত্র মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়)" প্রকল্পে আওতায় ২০২৫-২৬ অর্থবছরে তিন মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে নিম্নোক্ত দুটি ট্রেডে ২০ (বিশ) জন করে মোট ৪০ (চল্লিশ) জন প্রশিক্ষার্থী ভর্তি করার জন্য নিম্ন শর্ত সাপেক্ষে প্রশিক্ষণে আগ্রহী মহিলা প্রার্থীদের আবেদন আহ্বান করা হচ্ছে।

ক্রঃ নং	ট্রেড কোর্সের নাম	সংখ্যা	আবেদন পত্র গ্রহণ ও জমা দেওয়ার তারিখ	সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ
০১।	ফ্যাশন ডিজাইন	২০ জন	০১/০৪/২০২৬ ইং হতে ০৯/০৪/২০২৬ ইং পর্যন্ত (অফিস চলাকালীন সময়)	১৩/০৪/২০২৬ ইং সকাল ৯:৩০ ঘটিকায়
০২	ফুড প্রসেসিং ও প্রিজারভেশন	২০ জন		

"শর্তাবলী"

- ০১.প্রার্থীকে অত্র কার্যালয় থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করে আগামী ০৯/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় আবেদনপত্র জমা করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০২.প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ অথবা স্বাক্ষরজ্ঞান সম্পন্ন হতে হবে।
- ০৩.প্রার্থীর বয়স ১৮-৪০ বছর হতে হবে।
- ০৪.প্রার্থীর জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। (জন্ম নিবন্ধন গ্রহণযোগ্য হবে না)।
- ০৫.ভূমিহীন ০.১৫ শতকের কম জমির মালিক, অতি সামান্য আয়/ অনিয়মিত আয়/ আর্থিক ভাবে দুঃস্থ/বিধবা/তালাকপ্রাপ্ত। (প্রেমাণপত্র সংযুক্ত করতে হবে)। স্বামী পরিত্যক্ত। স্বামী থেকে বিচ্ছিন্ন তবে তালাকপ্রাপ্ত নয়/ কর্মক্ষমতাহীন স্বামীর স্ত্রী অগ্রাধিকার পাবেন।
- ০৬.প্রার্থীকে প্রশিক্ষণ গ্রহণে শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। কোন প্রকার ছোঁয়াচে রোগ থাকলে, গর্ভবতী হলে বা যাদের সন্তানের বয়স ০৪ বছরের কম এমন মহিলাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৭.ইতিপূর্বে প্রশিক্ষণ গ্রহণ করেছেন এমন মহিলার আবেদন গ্রহণযোগ্য নয়।
০৮. উপজেলা কমিটি সাক্ষাৎকারের সম্ভাব্য তারিখ ও সময় অনিবার্য কারণ বশত বাতিল করলে সাক্ষাৎকারের সময় নোটিশ বোর্ডের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। এজন্য কোন পত্র ইস্যু করা হবে না।
০৯. ভর্তি পরীক্ষার ফলাফল নোটিশ বোর্ডের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
১০. প্রশিক্ষার্থীদের চূড়ান্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সনদপত্র প্রদান করা হবে।

আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ সংযুক্ত করতে হবে।

০১. পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি রঞ্জিন ছবি।
০২. জাতীয় পরিচয় পত্রের ০২ (দুই) কপি ফটোকপি।
০৩. শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি।
- ০৪.কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই এ বিজ্ঞপ্তি ও সাক্ষাৎকারের সময় বাতিল করতে পারেন।



২৯/০৩/২০২৬

(শাহিনুর বেগম)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
পাথরঘাটা, বরগুনা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১. প্রকল্প পরিচালক, আইজিএ প্রশিক্ষণ প্রকল্প (২য় পর্যায়), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০২. উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা, বরগুনা।
০৩. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, বরগুনা।
০৪. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পাথরঘাটা, বরগুনা।
০৫. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাথরঘাটা, বরগুনা।
০৬. অফিস কপি।

